



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। [www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)



[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]

স্মারক নম্বরঃ চশিবো/বিদ্যা/বিজ্ঞপ্তি/১৫/২০১৩/৪২৯(২),

তারিখ : ০৩. ০৭. ২০২৪ খ্রি.


## প্রবিধানমালা-২০২৪ অনুযায়ী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটি গঠন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০২৪ অনুযায়ী বিদ্যালয় পরিচালনা কমিটি গঠন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

### নির্দেশনা সমূহ

১. এ বোর্ডের আওতাধীন সব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত প্রবিধানমালা-২০২৪ এর পিডিএফ কপি ডাউনলোড করে তা সংরক্ষণ এবং সংশ্লিষ্টদের সরবরাহ করতে হবে;
২. যেসব শিক্ষা প্রতিষ্ঠানে ইতিমধ্যে প্রবিধানমালা-২০০৯ অনুযায়ী নির্বাচনী তফসীল ঘোষণা করা হয়েছে সেসব শিক্ষা প্রতিষ্ঠানকে ম্যানেজিং কমিটির নির্বাচন প্রবিধানমালা-২০০৯ অনুযায়ী সম্পন্ন করতে হবে।
৩. যেসব শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালনা কমিটির মেয়াদ ন্যূনতম ৯০(নব্বই) দিন অবশিষ্ট নেই সেসব শিক্ষা প্রতিষ্ঠানকে প্রবিধানমালা-২০২৪ অনুযায়ী বিদ্যালয় পরিচালনা কমিটি গঠনের জন্য এডহক কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে যেসব শিক্ষা প্রতিষ্ঠান প্রবিধানমালা-২০০৯ অনুযায়ী এডহক কমিটি গঠনের অনুমতি প্রাপ্ত হয়েছে কিন্তু ০৩.০৭.২৪ খ্রি: তারিখ পর্যন্ত অনুমোদনের জন্য বোর্ডে দাখিল করা হয়নি সেসব প্রতিষ্ঠানকে প্রবিধানমালা-২৪ এর প্রবিধি-৬৪ অনুসরণপূর্বক এডহক কমিটি গঠন করতে হবে।
৪. যেসব শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালনা কমিটির মেয়াদ ৯০(নব্বই) দিন এর বেশী আছে সেসব শিক্ষা প্রতিষ্ঠানকে প্রবিধানমালা-২০২৪ অনুযায়ী বিদ্যালয় পরিচালনা কমিটি গঠন করতে হবে;
৫. প্রবিধানমালা-২০২৪ যথাযথ অনুসরণ করে বিদ্যালয়ের কার্যক্রম পরিচালনা করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে




ড. বিপ্লব গাজুলী

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম।

  
০৭.০৭.২৪